# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ০৪/০২/২০১৯ খ্রিঃ। |
| রোজ | ঃ সোমবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১৭/০১/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়: এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত ১৭/০১/২০১৯ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। UGIIP-III প্রকল্পের অর্থায়নে অনুমোদিত বস্তি সমূহে ভৌত কাজ শুরুর লক্ষ্যে স্ব স্ব বস্তির নামে খোলা ব্যাংক হিসাবে অগ্রিম ২৫% টাকা স্থানান্তর করণ প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পৌরসভাধীন অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির বস্তি উন্নয়ন কমিটির নামে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় চলতি হিসাব খোলা হয়েছে।এই হিসাবটি বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির নামে UGIIP-III প্রকল্প হতে বরাদ্দকৃত টাকা হতে অগ্রীম ২৫% টাকা স্ব স্ব বস্তির নামে খোলা ব্যাংক হিসাবে স্থানান্তর করলে, সেখান থেকে টাকা উত্তোলন করে বস্তি উন্নয়ন কমিটি গুলো ভৌত কাজ শুরু করতে পারবে। বিষয়টি নিয়ে সদস্য মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

জনাবা মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি সভায় বলেন, আমরা যখন বস্তিগুলোতে যায় বস্তিবাসীরা প্রতিনিয়ত জানতে চাই বস্তি উন্নয়নের কাজ কবে শুরু হবে, হবে কি না? এমন প্রশ্নের সম্মুখিন হতে হয়। তাই প্রকল্পের নির্দেশনার আলোকে অনুমোদিত বস্তি সমূহের নামে বরাদ্দকৃত টাকা হতে অগ্রীম ২৫% টাকা বস্তির নামে খোলা হিসাবে স্থানান্তর করার জন্য অনুরোধ জানান। যাতে বস্তির কাজ দ্রুত শুরু করা যায়।

জনাবা মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি সভায় বলেন, বস্তি উন্নয়ন কমিটির নামে খোলা ব্যাংক হিসাবে যখন ২৫% টাকা স্থানান্তর হবে, তখন যেন সব টাকা একসঙ্গে না তুলে, যতটুকু মালামাল কিনবে বা অন্যান্য খরচ হবে সে পরিমান টাকা তুলে কাজ করলে টাকার অপব্যবহার হওয়ার সম্ভবনা কম থাকবে বলে মতামত প্রদান করেন।

জনাবা মোছাঃ শাহানাজ বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী) বলেন, বস্তির অবকাঠামোর কাজ করার লক্ষ্যে ২৫% টাকা বস্তির হিসাবে দ্রুত স্থানান্তর করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন এবং বস্তির ভৌত কাজে যেন সঠিক মান বজায় থাকে সেজন্য কমিটির পক্ষথেকে নিয়মিত পর্যবেক্ষণ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ-** UGIIP-III প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির, বস্তি উন্নয়ন কমিটির নামে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় খোলা চলতি হিসাবে স্ব স্ব বস্তির বরাদ্দ অনুযায়ী ২৫% অগ্রিম স্থানান্তর করার জন্য সিদ্ধান্ত গ্রহন করা হলো ।

**আলোচ্য সূচী-৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে ।**

আলোচনাঃ জয়পুরহাট পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার রাজস্ব খাত হতে পৌর এলাকার দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই সহ অন্যান্য শিক্ষা সামগ্রী বিতরন করার লক্ষ্যে শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী পৌরসভা কার্যালয়ের মিলনায়তনে আগামী ০৫ মার্চ ২০১৯ তারিখে একটি অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী তুলে দেওয়ার জন্য মেয়র মহোদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত প্রদান করেন।

জনাবা মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, এটি একটি ভাল উদ্যেগ। শিক্ষা সামগ্রী বিতরন অনুষ্ঠান সুষ্টুভাবে করার জন্য অনুষ্ঠান পরিচালনা কমিটি গঠন গঠন করা যেতে পারে ।

জনাবা মোছাঃ মর্জিনা বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী) বলেন, শিক্ষা সামগ্রী পাবার তালিকা ভুক্ত শিক্ষার্থীদের অনুষ্ঠান সুচী মোতাবেক সঠিক সময়ে উপস্থিত হওয়ার এবং শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী পৃথকীকরণ করে সাজিয়ে রেখে তালিকা অনুযায়ী বিতরন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ-** দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী বিতরনের জন্য শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী সাজানো সহ অনুষ্ঠান পরিচালনার জন্য মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কমিটি গঠন করা এবং অনুষ্ঠানটি সফল করার লক্ষ্যে এ কমিটির পক্ষথেকে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৮-১৯/৮৫৮ (১০)

তারিখ- ৪/২/১৯ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০৪/০২/২০১৯ ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |